

# ইসলাম জিজ্ঞাসা ও জবাব

আল মুনায্জিদ

মহাপরিচালক:শাইখ মুহাম্মদ সালেহ

9464 - ঈদগাহে আগত ব্যক্তির জন্য যা কিছু করা শরিয়তসম্মত

প্রশ্ন

প্রশ্ন: আমলিক্ষ্য করছি, কিছু লোক ঈদগাহে এসে দুই রাকাত নামায পড়েন। আর কটে কটে তাকবীর দিয়ে (আল্লাহু আকবার, আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহু আল্লাহু আকবার, ওয়া লিল্লাহি হামদ) মশগুল হন। আশা করি, এ বিষয়ে শরিয়তের হুকুম কী তা পরিস্কার করবেন। মসজিদে নামায পড়া কথিবা ঈদগাহে নামায পড়া এর মাঝে কী পার্থক্য আছে?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

যে ব্যক্তি ঈদগাহে নামায কথিবা বৃষ্টির নামায আদায় করার জন্য ঈদগাহে এসেছে তার জন্য সুন্নত হচ্ছে— বসে পড়া; ‘তাহয়্যাতুল-মসজিদ’ এর নামায আদায় করা নয়। কেননা আমাদের জানা মতে, এ ধরণে আমল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কথিবা তাঁর সাহাবীবর্গ থেকে বর্ণিত হয়নি। তবে, ঈদগাহে নামায যদি মসজিদে আদায় করা হয় তাহলে ‘তাহয়্যাতুল-মসজিদ’ এর নামায আদায় করতে পারেন; নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এ বাণীর ব্যাপকতার ভিত্তিতে: “তোমাদের কটে যখন মসজিদে প্রবেশ করে তখন সে যেনে দুই রাকাত নামায না পড়ে না বসে”।[সহিহ বুখারী ও সহিহ মুসলিম]

যে ব্যক্তি ঈদগাহে নামাযের জন্য বসে আছেন তিনি বিশেষ বিশেষ ‘লা-ইলাহা ইল্লাল্লাহু’, ‘আল্লাহু আকবার’ পড়বেন। কেননা এটি হচ্ছে সেই দিনের শ্লোগান। ঈদগাহে খোতবা শেষে হওয়া অবধি মসজিদে অভ্যন্তরে ও বাইরে অবস্থানকারী সবার জন্য এটি সুন্নাহ। আর কটে যদি কুরআন তলোওয়াতে সময় কাটান তাতেও কোন অসুবিধা নেই।

আল্লাহুই তাওফিকদাতা।